

(প্রেস বিজ্ঞপ্তি)

২৪ মে ২০২২

## দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির মতবিনিময় সভায় ভারপ্রাপ্ত মেয়র সকলের সচেতনতায় দূর্যোগ মোকাবেলা সহজ হয়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র মো. গিয়াস উদ্দিন বলেন, আমরা সুন্দর নিরাপদ চট্টগ্রাম বন্দর নগরী গড়ার চেষ্টা করছি। চট্টগ্রাম প্রকৃতিগতভাবে দূর্যোগের ঝুঁকিপূর্ণ নগরী। প্রাকৃতিক ও মানবসৃষ্ট দূর্যোগ মোকাবেলা সিটি কর্পোরেশনের একাধিক পক্ষে সম্ভব নয়। সবাইকে সচেতন হয়ে দূর্যোগ মোকাবেলার চেষ্টা করতে হবে। তবেই দূর্যোগ মোকাবেলা সম্ভব। আজ মঙ্গলবার সকালে টাইগারপাসস্থ নগর ভবনের সম্মেলন কক্ষে বাগমনিরাম ওয়ার্ডস্থ দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

ভারপ্রাপ্ত মেয়র মো. গিয়াস উদ্দিন আরো বলেন, নগরীর জলাবদ্ধতা সংকটটি প্রকৃতিগতভাবেই আমাদের মোকাবেলা করতে হয়। পাহাড় বেষ্টিত নগরীর কারণে একটু বৃষ্টি হলেই পাহাড় থেকে পানির সাথে বালু নেমে নালা-নর্দমা ভরাট হয়ে পানি চলাচলের পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করে। এই বিষয়টি মাথায় রেখে জলাবদ্ধতা নিরসনকল্পে নালা-নর্দমা পরিষ্কারে চট্টগ্রাম সিটি কর্পোরেশন আধুনিক প্রযুক্তি গ্রহণ করেছে। তিনি লালখান বাজার, মতিঝর্ণা, বাটালিহিলসহ নগরীর অভ্যন্তরে অবস্থিত পাহাড়গুলো থেকে জনবসতি সরিয়ে আনতে জেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে উদ্যোগী হওয়াসহ দূর্যোগ মোকাবেলায় বাগমনিরাম ওয়ার্ডের দূর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে সক্রিয় ভূমিকা পালনের আহ্বান জানান।

সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আনজুমান আরার সভাপিত্তে ও আহিল সিরাজের সঞ্চালনায় এতে বক্তব্য রাখেন মুক্তিযোদ্ধা সৈয়দ আবুল বশর, ডা. সুমন বড়ুয়া, নাছিমা বানু, ডা. বিজয় চক্রবর্তী, শিশির দে, শিমুল মন্ডল, লুৎফুল্লাহ রূপসা, আইনুল কবির জিতু, তপন দাশ ও মো. সুমন প্রমুখ।

## চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত পাহাড়তলী বাজারে ৫৮ হাজার টাকা বকেয়া ট্রেড লাইসেন্স ফি আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে রাজস্ব সার্কেল-৬ এর আওতায় নগরীর পাহাড়তলী বাজারে পরিচালিত অভিযানে ১৩টি ট্রেড লাইসেন্সের বকেয়া ফি বাবদ ৫৭ হাজার ৮ শত ৫৫ টাকা আদায় করা হয়। এই সময় ট্রেড লাইসেন্স বিহীন ব্যবসা পরিচালনা করে কর ফাঁকি ও দোকানের মালামাল রাস্তায় রেখে জনসাধারণের চলাচলে বিঘ্ন সৃষ্টির দায়ে ১৬ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২৬ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩